



জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচী বিষয়ক ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ড.মোঃ আবু সাইদ মিঞা মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	০৯/১২/২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.৫০ মিনিট
স্থান	ভিআইপি কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট: ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আলোচ্যসূচি মোতাবেক ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক (উদ্ভিদ রোগত্ব), নাটা কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

সভায় আলোচ্যসূচিঃ ১) মোতাবেক ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক (উদ্ভিদ রোগত্ব), নাটা জানান, কৃষি মন্ত্রণালয়ের নভেম্বর ২০২০ এর সমন্বয় সভার ১৭.৩ অনুচ্ছেদ আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক (১) জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বিষয়ে ত্রৈমাসিক সভা করতে হবে। (২) দপ্তর/সংস্থার অধীনস্থ প্রশিক্ষণ একাডেমি/ইনস্টিটিউট/কেন্দ্রের প্রশিক্ষণ সিলেবাসে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র প্রশিক্ষণ মডিউলে জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বিষয় অন্তর্ভুক্ত করার জন্য নাটার সকল সম্মানিত অনুষদবর্গকে সভাপতি ও নাটার মহাপরিচালক নির্দেশ প্রদান করেন। নাটার সকল সম্মানিত অনুষদবর্গ জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিষয়টির গুরুত্ব অনুধাবন করেন এবং কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি প্রতিষ্ঠানের ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের প্রশিক্ষণ (টিওটি) কার্যক্রমে এ বিষয়টি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচিঃ ২) তাছাড়া কোভিড-১৯ মোকাবেলায় এবং স্বাস্থ্য সুরক্ষার জন্য নাটায় প্রশিক্ষণ চলাকালে নিয়মিতভাবে জীবাণুনাশক স্প্রে, সামাজিক দূরত্ব বজায় রেখে প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজ সম্পন্ন করা এবং সবাইকে অবশ্যই মাস্ক ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। প্রশিক্ষার্থীদের ক্যাম্পাসের বাহিরে যাতায়াত সীমিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড.মোঃ আবু সাইদ মিঞা
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

স্মারক নম্বর: ১২.১৫.০০০০.০০১.৩২.০০১.১৭.৭৫৩

তারিখ: ১৩ পৌষ ১৪২৭


২৮ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়

- ২) পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।
- ৩) উপপরিচালক (সকল), নাটা, গাজীপুর
- ৪) সিনিয়র সহকারী পরিচালক (সকল), নাটা, গাজীপুর
- ৫) প্রকাশনা কর্মকর্তা, নাটা, গাজীপুর।
- ৬) মেডিকেল অফিসার/ লাইব্রেরিয়ান, নাটা, গাজীপুর।
- ৭) প্রশাসনিক কর্মকর্তা/....., নাটা, গাজীপুর।
- ৮) অফিস কপি



ড.মোঃ আবু সাইদ মিয়া
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)